

MODULE-2

Q.উপযোগিতা(Utility) কি?

–কোন দ্রব্যের উপযোগিতা হল সেই দ্রব্যের মধ্যে অন্তর্নিহিত অভাব পূরণের ক্ষমতা।

Q. প্রান্তিক উপযোগিতা (MU) বলতে কী বোঝায়?

– অতিরিক্ত এক ইউনিট দ্রব্য ভোগ করে ভোগকারী যে অতিরিক্ত উপযোগিতা পায় তাকে প্রান্তিক প্রতিযোগিতা বলে।

Q.ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি (law of diminishing marginal utility) কি?

–অন্যান্য বিষয় অপরিবর্তিত অবস্থায় ক্রেতা যদি কোন দ্রব্যের ভোগের পরিমাণ ক্রমাগত বাড়ায় তাহলে মোট উপযোগিতা বাড়বে কিন্তু কম হারে বাড়বে অর্থাৎ দ্রব্যটির প্রান্তিক উপযোগিতা কমতে থাকবে। একেই ক্রম হ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি বলা হয়।


Q. মোট উপযোগিতা (TU) যখন সর্বাধিক তখন প্রান্তিক উপযোগিতা(MU)র মান কত?

– মোট উপযোগিতা সর্বাধিক হলে প্রান্তিক উপযোগিতা শূন্য হবে।

Q. নিরপেক্ষ রেখা (Indifference curve)কাকে বলে ?


–দুটি দ্রব্যের যে সমস্ত সমন্বয় থেকে ক্রেতা সমপরিমাণ উপযোগিতা পায় সে সমস্ত সমন্বয় বিন্দুগুলোকে যোগ করলে যে রেখা পাওয়া যায় সেই রেখাকে বলা হয় নিরপেক্ষ রেখা। এই রেখার উপর প্রত্যেক বিন্দুতে ক্রেতার উপযোগিতা সমান।

Q.একটি নিরপেক্ষ রেখা অঙ্কন কর।




Q..দুটি পরিবর্ত দ্রব্যের ক্ষেত্রে নিরপেক্ষ রেখার আকৃতি কেমন হয় ?

– দুটি পরিবর্ত দ্রব্যের ক্ষেত্রে নিরপেক্ষ রেখা, নিম্নমুখী সরলরেখা হয়।



Q.দুটি পরিপূরক দ্রব্যের ক্ষেত্রে নিরপেক্ষ রেখার আকৃতি কেমন হয় ?

–দুটি পরিপূরক দ্রব্যের ক্ষেত্রে নিরপেক্ষ রেখা L আকৃতির হয়।



Q.বাজেট লাইন কি ?

–নির্দিষ্ট আর্থিক আয়ে এবং দ্রব্য সামগ্রীর নির্দিষ্ট দামে ক্রেতা দুটি দ্রব্যের যে সমস্ত সমন্বয় কিনতে পারে তাদের যোগ করলে যে রেখা পাওয়া যায় তাকে বাজেট লাইন বা দামরেখা বলে ।

Q.ভোগ কারীর ভারসাম্যের শর্ত কি?

–নিরপেক্ষ রেখা তত্ত্বে ভোক্তার ভারসাম্যের শর্ত গুলো হল:

i)নিরপেক্ষ রেখার ঢাল =বাজেট লাইনের ঢাল

ii)নিরপেক্ষ রেখা কে মূল বিন্দুর দিকে উত্তল হতে হবে।

Q. দামপ্রভাব (Price effect)বলতে কি বুঝ

–অন্যান্য বিষয় অপরিবর্তিত অবস্থায় কোন একটি দ্রব্যের দামের পরিবর্তনের ফলে ক্রেতার বিভিন্ন দ্রব্যের চাহিদার পরিমাণের যে পরিবর্তন ঘটে তাকে দাম প্রভাব বলে ।

Q. আয় প্রভাব (Income effect)কি ?

-অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত অবস্থায় ক্রেতার আয়ের পরিবর্তনের ফলে ক্রেতার চাহিদার পরিমাণের যে পরিবর্তন ঘটে তাকে আয় প্রভাব বলে।

Q. প্রান্তিক পরিবর্ততার হার (Marginal rate of substitution)কাকে বলে?

-কোন একটি দ্রব্যের ভোগের পরিমাণ 1 একক বাড়ালে মোট উপযোগিতার স্তরকে অপরিবর্তিত রাখার জন্য ক্রেতাকে অপর দ্রব্যের ভোগের পরিমাণ যতটুকু কমাতে হয় তাকেই দ্রব্য দুটির মধ্যে প্রান্তিক পরিবর্ততার হার বলে।

Q.ক্রম হ্রাসমান প্রান্তিক পরিবর্ততার নিয়মটি (Law of diminishing MRS)কি?

- দুটি দ্রব্যের মধ্যে একটি দ্রব্যের ভোগ যদি ক্রেতা বাড়িয়ে চলে তাহলে তৃপ্তি অপরিবর্তিত রাখতে হলে সে অপর দ্রব্য কম কম পরিমাণ ছাড়তে চাইবে। একেই ক্রম হ্রাসমান প্রান্তিক পরিবর্ততার নিয়ম বলে।

25. পরিবর্তে প্রভাব (substitution effect) বলতে কী বোঝো ?

—প্রকৃত আয় অপরিবর্তিত অবস্থায় দুটি দ্রব্যের আপেক্ষিক দামের পরিবর্তনের ফলে ক্রেতার চাহিদার পরিমাণ এর যে পরিবর্তন ঘটে তাকে পরিবর্ত প্রভাব বলা হয়।

26. দাম ভোগ রেখা (PCC)বলতে কী বোঝো ?

—অন্যান্য বিষয় অপরিবর্তিত অবস্থায় কোন দ্রব্যের দামের পরিবর্তন ঘটলে ক্রেতার ভারসাম্য বিন্দুর পরিবর্তন ঘটে। বিভিন্ন দামে ভারসাম্যের যে বিভিন্ন বিন্দু পাওয়া যায় সেই বিন্দুগুলো পরপর যোগ করলে যে রেখা পাওয়া যায় তাকেই দাম ভোগরেখা বা সংক্ষেপে PCC বলে। এই দাম ভোগ থা থেকে দাম প্রভাব জানা যায়।

Q.ভোগ উদ্বৃত্ত (Consumer's surplus)কাকে বলে ?

—কোন দ্রব্য পাবার জন্য ক্রেতা সর্বাধিক যে দাম দিতে চায় এবং যে দাম তাকে প্রকৃত দিতে হয় এই দুইয়ের পার্থক্য কে বলে ভোগ উদ্বৃত্ত। অন্যভাবে বলতে গেলে কোন দ্রব্যের ব্যক্তিগত চাহিদা দাম ও প্রকৃত দামের পার্থক্যই হল ভোগ উদ্বৃত্ত।